

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৬৫.০২৬.০১.০১.০০২.২০১৬-১৮৩

তারিখ: ০১-০৮-২০১৯ খ্রি:

বিষয়: এক্সপানশন অব ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতাল শীর্ষক প্রকল্পের জন্য চলতি ২০১৯-২০২০ অর্থবছরে ১(এক) টি পিক-আপ (ডাবল কেবিন) ক্রয়ের প্রশাসনিক অনুমোদন

সূত্র: (১) স্মারক নং-০৫/প্রকল্প যানবাহন ক্রয়/২০১৯-২০২০/০৪, তারিখ: ১০/০৭/২০১৯ খ্রি:

(২) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.১৬৫.০২৬.০১.০১.০০২.২০১৬-১৭৮, তারিখ: ১৬/০৭/২০১৯ খ্রি:


(৩) অর্থ বিভাগের স্মারক নং-০৭.১০৪.০১৪.২৭৫১.১৭০.২০১৮-০০৫, তাং-২৪ জুলাই, ২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে প্রকল্প পরিচালকের প্রস্তাব এবং অর্থ বিভাগের সম্মতির প্রেক্ষিতে (কপি সংযুক্ত) উক্ত প্রকল্পের জন্য ২০১৯-২০২০ অর্থ বছরে ১(এক) টি পিক-আপ (ডাবল কেবিন) গাড়ী (প্রতিটি ৪৮.০০ লক্ষ টাকা রেজিস্ট্রেশন ফি এবং ট্যাক্স ও ভ্যাটসহ) অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের যানবাহন ক্রয়ের দর সংক্রান্ত পত্র ০৭.১৫৬.০২৬.০০.০১.২০০৪(অংশ-১)-৫২৫ তারিখ ১১-১০-২০১৮ খ্রিঃ অনুসারে ক্রয়ে নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) যানবাহন ক্রয়ের ক্ষেত্রে পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুসরণসহ সকল আর্থিক বিধিবিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) অর্থ বিভাগের নির্ধারিত দরের মধ্যে যানবাহন ক্রয় করতে হবে, অতিরিক্ত বরাদ্দ দাবী করা যাবে না;
- (গ) যানবাহন ক্রয়ের পর অর্থ বিভাগকে অবহিত করতে হবে;
- (ঘ) বরাদ্দকৃত বাজেটের মধ্যে যানবাহন ক্রয় করতে হবে;
- (ঙ) অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- (চ) অব্যয়িত অর্থ ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা/সমর্পণ করতে হবে; এবং
- (ছ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮ জানুয়ারী ২০০৬ তারিখের সম (পরি)-স্বায়ী কমিটি/৪৪/২০০৫(অংশ-১)-৭২১ নং স্মারক অনুযায়ী প্রকল্প সমাপ্তির পর যানবাহন সরকারি পরিবহন পূলে জমাকরণ অথবা প্রয়োজনে টিওএন্ডইভুক্তকরণের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) পাতা।


(হোসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

প্রকল্প পরিচালক
এক্সপানশন অব ন্যাশনাল ইনস্টিটিউট
অব নিউরোসায়েন্সেস ও হাসপাতাল
শের-ই-বাংলা নগর
ঢাকা-১২০৭

অনুলিপি:

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৬৫.০৩২.২২.০০.০০২.২০১৬-১৯০

তারিখঃ ০১-০৮-২০১৯ খ্রিঃ

বিষয়ঃ Sector Wide Program Management and Monitoring (SWPMM) ওপি'র ২০১৯-২০২০ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের প্রকিউরমেন্ট প্লান (গুডস)'র প্রশাসনিক অনুমোদন প্রদান সংক্রান্ত।

সূত্রঃ ইউ নোট নং-স্বাপকম/সিসপ্র(স্বাস্থ্য-১)/SWPMM/App/২০১৯-২০/৭১৫, তারিখঃ ১৫/০৭/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, Sector Wide Program Management and Monitoring (SWPMM)এর প্রস্তাব মোতাবেক উক্তওপি'র ২০১৯-২০২০ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের ৩টি প্যাকেজের বিপরীতে ২০.০০ (বিশ লক্ষ) লক্ষ টাকা প্রাক্কলিত মূল্যের প্রকিউরমেন্ট প্লান (গুডস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলোঃ

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ ও আর্থিক ক্ষমতা অর্পন, ২০১৫ এর বিদ্যমান বিধি-বিধান যথাযথ অনুসরণ করতে হবে;
- (খ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে এবং বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (গ) RFQ পদ্ধতিতে ক্রয়ের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ এর তফসীল-২ এ বর্ণিত মূল্যসীমা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (ঘ) কোনক্রমেই অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের অতিরিক্ত ব্যয় করা যাবে না;
- (ঙ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (চ) ক্রয়প্রক্রিয়ায় বাস্তবায়নকালে প্রযোজ্য সকল আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (ছ) ক্রয় পরিকল্পনায় কোন অনিয়ম সংগঠিত হলে ক্রয়কারী দায়ী থাকবেন।

(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

যুগ্ম-প্রধান
পরিকল্পনা অনুবিভাগ

ও
লাইন ডাইরেক্টর
এসডব্লিউপিএমএম
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

অনুলিপিঃ

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।